একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
উপজেলা পরিষদ কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২১- ৫৬৬৪

তারিখ ঃ ১৪/১০/২০২১ খ্রিঃ

## সভার নোটিশ

আগামী ১৯ অক্টোবর ২০২১ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলার সরকারি বিভাগীয় প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

১। উপজেলা ............................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

১৪/১০/২১

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

উপজেলা পরিষদ কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

ত্রিশাল উপজেলা পরিষদ এর অক্টোবর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১৯/১০/২০২১ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আক্তারুজ্জামান সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ২৩/০৯/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এল.জি.ই.ডি :<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০২ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের আওতায় ২০২০-২০২১অর্থ বছরের সকল কাজ সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে বরাদ্দকৃত টি আর,কাবিখা/কাবিটা কর্মসূচীর বরাদ্দ পাওয়া গিয়েছে। ইতোমধ্যে অত্র উপজেলার ইউপি নির্বাচনের তফসিল ঘোষনা হয়েছে।পরবর্তী নির্দেশনার আলোকে এ বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করা হবে।<br>এছাড়া তিনি সভায় জানান যে, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস নির্মানের জন্য অত্র উপজেলায় ১০টি বাড়ি নির্মাণের প্লান,ডিজাইন অনুমোদন পাওয়া গিয়েছে। এ বিষয়ে দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন রয়েছে।এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক ভাবে চলছে। তিনি তার দপ্তরের এ সকল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলায় ৩১২ টি পানির উৎসের বরাদ্দ পাওয়া গিয়েছে। যার মধ্যে ৬ নং পাম্পযুক্ত তারা অগভীর নলকূপ ১১০ টি এবং সাব-মারসিবল পাম্পযুক্ত তারা অগভীর নলকূপ ২০২ টি। এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও প:প: বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। তবে ইদানিং হাসপাতালের জরুরী বিভাগে, অন্তঃবিভাগে এবং হাসপাতালের ক্যাম্পাসে চুরি ও ছিনতাই এর ঘটনা বৃদ্ধি পেয়েছে। তাই হাসপাতালের কর্মকর্তা, কর্মচারী ও রোগীদের নিরাপত্তার স্বার্থে একটি সিসি ক্যামেরার একান্ত প্রয়োজন। তাই তিনি জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ হতে হাসপাতালের জন্য একটি সিসি ক্যামেরা দেওয়ার জন্য সভায় প্রস্তাব করেন। এছাড়া অক্টোবর/২১ মাসে ত্রিশাল স্বাস্থ্য কমপ্লেক্সের করোনা পরিস্থিতি নিম্নরুপ ঃ<br>১. মোট সংগৃহিত নমুনা:-৩১৮২জন<br>২. মোট সনাক্ত:-৯৯০ জন<br>৩. মোট সুস্থ:-৯৮৯ জন<br>৪. মোট মৃত্যু:-২১ জন<br>৫. হোম আইসোলেশন:- ১ জন<br>৬. ত্রিশাল পৌরসভায় রোগীর সংখ্যা:-২২৭ জন<br>৭. ডাক্তার= ২৫ জন, (৫ জন প্রেষনে)।<br>৮. নার্স = ২৭ জন, (৪ জন সংযুক্তিতে করোনা ইউনিটে ম.মে.ক .হা)<br>৯. অন্যান্য= ১৩৫ জন<br>১০.অক্টোবর/২১ ইং বহি: বিভাগ রোগী= ১০৪৪ জন<br>অক্টোবর/২১ জুরুরী ,, ,, = ৯৭ জন<br>অক্টোবর/২১ অন্ত: ,, ,, = ৩৫ জন<br>১১. সিসিতে চিকিৎসা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা= ৯,৭৬৩ জন<br>১২. সি সি তে নবজাতক ও শিশু স্বাস্থ্য সেবাদান = ১,৫৪৫ জন<br>১৩. অক্টোবর/২১ ইং মাসে ভর্তি রোগী= ৪৭৮ জন<br>১৪. ,, ,, জুরুরী ,, = ২,০৯৯ জন<br>১৫. ,, ,, বহি: বিভাগে= ১৮,১৯৭ জন<br>১৬.কোভিড-১৯ টিকা প্রাপ্তর সংখ্যা :- ১ম ডোজ =৯২৫২জন (অক্টোবর/২১), ২য় ডোজ =২৪৪৩৯ জন (অক্টোবর/২১)। | উপজেলা উপজেলা স্বাস্থ্য ও প:প: বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। মাঠ কর্মীরা ডোর টু ডোর পরিদর্শন করে পরিবার পরিকল্পনার অস্থায়ী পদ্ধতি সমূহ সম্পর্কে মোটিভেশন এবং সেবা প্রদান কার্যক্রম অব্যহত রেখেছেন। উপজেলা পরিবার পরিকল্পনার উপজেলা কার্যালয় হতে স্থায়ী পদ্ধতি এবং দীর্ঘ মেয়াদী পদ্ধতির সেবা প্রদান করা হচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র হতে মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক সেবা প্রদান করা হচ্ছে। প্রত্যন্ত অঞ্চল গুলোতে সেবা কাযক্রম প্রসারের লক্ষ্যে নিয়মিত স্যাটেলাইট ক্লিনিক অনুষ্ঠিত হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৬ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলায় সারের মজুদ পর্যাপ্ত আছে। আশা করা যাচ্ছে চলতি আমন এবং আসন্ন বোরো মৌসুমে সারের কোন সমস্যা হবেনা।<br>এছাড়া ২০২১-২২ অর্থবছরে খ-২ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ ও নাবী পাট এবং মাসকালাই প্রনোদনা দেওয়া হয়েছে।<br>এছাড়া ২০২১-২২ অর্থবছরে খামার যান্ত্রিকীকরন প্রকল্পের আওতায় ২৬টি যন্ত্রের বরাদ্দ এসেছে। কৃষকরা যদি ভর্তুকি যন্ত্র নিতে আগ্রহ প্রকাশ করে তাহলে অতিসত্ত্বর উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সমন্বয়ে বিতরণ করা হবে। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | উপজেলা মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৮ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে,<br>কৃত্রিম প্রজনন সংখ্যা ঃ ৪১৩ টি<br>টিকা প্রদান গবাদী পশু ঃ ৫০৯০<br>টিকা প্রদান হাসঁমুরগী ঃ ৫৩১০০<br>গবাদী পশুর চিকিৎসা ঃ ১৯৮৪<br>হাঁস মুরগীর চিকিৎসা ঃ ১৬৯৪৭<br>পোষা প্রাণীর চিকিৎসা ঃ ১৫<br>রোগ অনুসন্ধানে নমুনা প্রেরন ঃ ২৪<br>খামারী প্রশিক্ষন ঃ ৩৭০<br>উঠান বৈঠক ঃ ৬<br>স্থায়ী ঘাস চাষ ঃ ২.৬ একর<br>খামার পরির্দশন ঃ ৩০ টি<br>খামার রেজিষ্টেশন ঃ ৩২টি<br>দুধ উৎপাদন ঃ ০.০৩২৯ লক্ষ মেঃটন<br>মাংস উৎপাদন ঃ ০.০১৯৩ লক্ষ মেঃটন<br>ডিম উৎপাদন ঃ ১.৪৭৯ কোটি<br>এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে শ্রেনী কার্যক্রম চলছে। ইউনিক আইডি তৈরীর কাজ চলছে। ৬ষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদান করা হবে। সরাসরি শ্রেনি কার্যক্রমের পাশাপাশি অনলাইন শ্রেণি কার্যাক্রম চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১২ | উপজেলা সমাজসেবা বিভাগ :<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বিভিন্ন ভাতাভোগীদের ১ম কিস্তির টাকা ছাড়করণের পেরোল প্রদান অব্যাহত আছে। এখনও যদি কোন সংশোধন, মৃত ব্যক্তির পরিবর্তে প্রতিস্থাপন থাকে তাহলে দ্রুত ০২ দিনের মধ্যে তথ্য জমা দেওয়ার জন্য সম্মানিত চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করছি। অন্যান্য কাজ সুষ্ঠভাবেই চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ :<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, মাঠে উন্নত জাতের গাভী পালন সংক্রান্ত প্রকল্পের ২ কোটি ৪০ লক্ষ টাকার ঋণ আদায় ও দাদন সংক্রান্ত কার্যক্রম চলমান। এই ঋণ আদায়ের ক্ষেত্রে নব যোগদানকৃত উপজেলা নির্বাহী কর্মকর্তার সানুগ্রহ দৃষ্টি কামনা করেন। নভেম্বর মাসের ১ম সপ্তাহের শনিবারে জাতীয় সমবায় দিবস উদযাপিত হবে, সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>উপজেলা বন কর্মকর্তা সভায় সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ইউএনও বাংলোর ভিতরে ০১ টি মরা কাঁঠাল গাছ, ০১ টি আম গাছ ও ঝড়ে হেলে পড়া ০১ টি জাম গাছ মোট ০৩ টি গাছ অত্যন্ত ঝুকিপূর্ণ অবস্থায় বাংলোর উপর হেলে পড়ে আছে। যেকোন মুহূর্তে গাছ দুটি বাংলোর উপর পড়ে বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে। এই অনাকাঙ্খিত দূর্ঘটনা যাতে না ঘটে তাই তিনি জরুরী ভিত্তিতে গাছগুলো কাটার জন্য সভায় সভাপতি মহোদয়ের নিকট প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে সভাপতি মহোদয় জরুরী ভিত্তিতে গাছগুলো কাটার জন্য উপজেলা বন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। | প্রস্তাবমতে ইউএনও বাংলোর ভিতরে ঝুকিপূর্ন ০৩ টি গাছ জরুরী ভিত্তিতে কাটার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস । | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)এর আওতায় ত্রিশাল উপজেলায় মোট ৬টি প্রকল্প আছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় ও ঋণ বিতরণ প্রশিক্ষণ নিয়মিত সম্পন্ন হয়েছে। PRDP-3 প্রকল্পের মাধ্যমে ২০২০-২১ অর্থ বছরের মোট ২টি ইউনিয়নে ২৪ টি স্কীম সম্পন্ন হয়েছে। চলতি অর্থ বছরে ১০স্কীমের কাজ ১ম পর্যায়ে বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দ অনুসারে কাজ চলমান আছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১৭ | উপজেলা নির্বাচন বিভাগ ঃ<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, ত্রিশাল উপজেলায় ১২টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন তফসিল ঘোষনা করা হয়েছে। ঘোষিত তফসিল অনুযায়ী ২৮ শে নভেম্বর ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ভোট কেন্দ্র হিসেবে সংশ্লিষ্ট ওয়ার্ডে অবস্থিত প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা ব্যবহৃত হবে। সরজমিনে পরির্দশন কালে দেখা যায় ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত কিছু প্রাথমিক বিদ্যালয়ের ভবন ভেঙ্গে ফেলা হয়েছে নতুন ভবন নির্মানের উদ্দেশ্যে কিন্তু নতুন ভবন নির্মান কাজ কোথাও শেষ হয়নি যার ফলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান গুলোতে ভোটগ্রহন কার্যক্রম ব্যাহত হবে। তাছাড়া ভোটকেন্দ্রে যাতায়াতের অনেক রাস্তা মেরামত প্রয়োজন। ভোটকেন্দ্র হিসেবে ব্যাবহৃত প্রতিষ্ঠানের ভবন ও রাস্তা মেরামতের প্রযোজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপজেলা নির্বাচন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | বিবিধ ঃ ক। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাংলোটির বাইরে এবং ভিতরে বিভিন্ন জায়গার রঙ নষ্ট হয়ে যাওয়ায়, বাথরুমের ফিটিংস নষ্ট হয়ে যাওয়ায় এবং বিদ্যুৎ, ডিশ, সিসি ক্যামেরা ও ইন্টারনেটের ক্যাবলসমূহ অতন্ত্য জরাজীর্ণ, ঝুকিপূর্ণ ও পুরাতন হওয়ায় তা বসবাস ও ব্যবহারের অনুপযোগী হয়ে পরেছে। তাই জরুরী ভিত্তিতে তিনি বাংলোটি সংস্কার করার প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নোক্ত প্রকল্পগুলো উপজেলা রাজস্ব তহবিলের আবাসিক খাত হতে সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০১। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাস-ভবন সংস্কার (অংশ-০১)।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাস-ভবন সংস্কার (অংশ-০২)।<br>০৩। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাস-ভবনের ০৪ টি বাথরুমের জন্য গিজার মেশিনসহ অন্যান্য ফিটিংস ক্রয় ও ফিক্সিংকরন।<br>০৪। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাস-ভবনে ও অফিসে নতুন সিসি ক্যামেরা সংযোজন এবং সংস্কার করন। | প্রস্তাবমতে, ইউ এন ও বাংলোটি উপজেলা রাজস্ব তহবিলের আবাসিক খাত হতে সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ,<br>ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>উপজেলা নির্বাহী<br>অফিসার , ত্রিশাল,<br>ময়মনসিংহ। |
| | খ। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে সভায় উপস্থিত সকলের সিদ্ধান্তক্রমে নিম্নোক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন।<br>০১। গফাকুড়ি রাস্তা মেরামত।<br>০২। ঢাকা-ময়মনসিংহ রাস্তা হতে ধানীখোলা পর্যন্ত রাস্তা মেরামত ।<br>০৩। হরিরামপুর বাজার হতে চাউলাদি পর্যন্ত রাস্তা মেরামত।<br>০৪। চকরামপুর বাজার হতে কাজিরকান্দা রাস্তা মেরামত।<br>০৫। ধানীখোলা নাগেশ্বর নদীরপাড় রাস্তা মেরামত (অংশ-০১)।<br>০৬। রাগামারা হতে পাঁচপাড়া পর্যন্ত রাস্তা মেরামত।<br>০৭। হরিরামপুর পুরাতন বাজার রাস্তা হতে চাউলাদি রাস্তা মেরামত।<br>০৮। মঠবাড়ী ইউনিয়নের খাগাটি রাস্তায় রিং-পাইপ স্থাপন।<br>০৯। সাখুয়া মরা রাস্তা হতে নদীর পাড় পর্যন্ত রাস্তা মেরামত।<br>১০। ধানীখোলা নাগেশ্বর নদীরপাড় রাস্তা মেরামত (অংশ-০২)।<br>১১। ঢাকা-ময়মনসিংহ রাস্তা হতে ধানীখোলা পর্যন্ত রাস্তা মেরামত (অংশ-০২)।<br>১২। কানিহারী রাস্তা হতে এলংজানি পর্যন্ত রাস্তা মেরামত (অংশ-০১)।<br>১৩। গফাকুড়ি রাস্তা হতে ২ পয়সার মোড় পর্যন্ত রাস্তা মেরামত।<br>১৪। কানিহারী রাস্তা হতে এলংজানি পর্যন্ত রাস্তা মেরামত (অংশ-০২)।<br>১৫। কানিহারী রাস্তা হতে এলংজানি পর্যন্ত রাস্তা মেরামত (অংশ-০৩)।<br>১৬। সাখুয়া রাস্তা হতে রাগামারা নদীরপাড় পর্যন্ত রাস্তা মেরামত।<br>১৭। ত্রিশাল ইউনিয়নের বিভিন্ন স্থানে সাব-মারসিবল স্থাপন।<br>১৮। দরিরামপুর খাবলাপাড়া আকন্দ বাড়ীর রাস্তায় পুকুরের পাড় প্যালাসাইটিং করন।<br>১৯। পূর্ব আমিরাবাড়ী হাসানিয়া দাখিল মাদ্রাসার উন্নয়ন।<br>২০। বালিপাড়া টাউয়ারের মোড় হতে কেদারকান্দা রাস্তা মেরামত।<br>২১। মৎস অফিসের সেইফটি ট্যাংকি ও রাগামারা ইউড্রেন নির্মান ।<br>২২। রামপুর ইউনিয়নের বিভিন্ন স্থানে সাব-মারসিবল স্থাপন (অংশ-০১)।<br>২৩। রামপুর ইউনিয়নের বিভিন্ন স্থানে সাব-মারসিবল স্থাপন (অংশ-০২)।<br>২৪। ত্রিশাল ইউনিয়নের বিভিন্ন স্থানে সাব-মারসিবল স্থাপন (অংশ-০২)।<br>এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রকল্পগুলো বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রস্তাবমতে প্রকল্পগুলো দ্রুত উপজেলা উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ,<br>ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>উপজেলা নির্বাহী<br>অফিসার , ত্রিশাল,<br>ময়মনসিংহ। |

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২১- তারিখ : ১৯/১০/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------ অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ----------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।